# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩০৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ এই সালাতগুলো খাবার গ্রহণের পর ছিল, যে খাবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আনসারদের নিকট খেয়েছিলেন

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ هَذِهِ الصَّلَوَاتِ كَانَتْ بِعَقِبِ طَعَامٍ طَعِمَهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عند الأنصار

---

আরবী

2305 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ إِبْرَاهِيمَ مَوْلَى ثَقِيفٍ قَالَ: حَدَّثَنَا سوَّار بْنُ عَبْدِ اللَّهِ الْعَنْبَرِيُّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْوَهَّابِ الثَّقَفِيُّ قَالَ: حَدَّثَنَا خالدٌ الْحَذَّاءُ عَنْ أَنَسِ بْنِ سِيرِينَ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ زَارَ أَهْلَ بيتٍ مِنَ الْأَنْصَارِ فَطَعِمَ عندهُمْ طَعَامًا فَلَمَّا أَرَادَ أَنْ يَخْرُجَ أَمَرَ بِمكَانٍ مِنَ الْبَيْتِ فنُضِحَ لَهُ عَلَى بِسَاطٍ فصلَّى عَلَيْهِ وَدَعَا لَهُمْ.

الراوي : أَنَس | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2305 | خلاصة حكم المحدث: صحيح: خ (6080).

বাংলা

২৩০৫. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার আনসারী এক ব্যক্তির বাড়িতে বেড়াতে যান অতঃপর তিনি তাদের কাছে খাবার গ্রহণ করেন। অতঃপর যখন তিনি বের হওয়ার জন্য উদ্যত হন, তখন তাঁর নির্দেশক্রমে ঘরের এক কোণে তাঁর জন্য চাটাইয়ে পানি ছিটা দেওয়া হয়। তারপর তিনি তার উপর সালাত আদায় করেন এবং তাদের জন্য দু‘আ করেন।”[1]

ফুটনোট

[1] সহীহ আল বুখারী, আল আদাব: ৬০৮০; বাগাবী: ৩০০৫।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আল বুখারী: ৬০৮০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91624

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন